

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-২ ৪৮৮

আগরতলা, ১৮ জানুয়ারি, ২০২৫

ত্রিপুরা পূর্ণরাজ্য দিবস

২১ জানুয়ারি রবীন্দ্র শতবার্ষিকী ভবনে রাজ্যভিত্তিক অনুষ্ঠান

তথ্য ও সংস্কৃতি দপ্তরের উদ্যোগে আগামী ২১ জানুয়ারি রাজ্যে যথাযোগ্য মর্যাদায় ত্রিপুরা পূর্ণরাজ্য দিবস উদযাপন করা হবে। এ উপলক্ষ্যে রবীন্দ্র শতবার্ষিকী ভবনের ১ নং হলে সকাল ১১টায় রাজ্যভিত্তিক অনুষ্ঠানের আয়োজন করা হয়েছে। মুখ্যমন্ত্রী প্রফেসর (ডা.) মানিক সাহা ত্রিপুরা পূর্ণরাজ্য দিবস উদযাপন অনুষ্ঠানের উদ্বোধন করবেন। উদ্বোধনী অনুষ্ঠানে মন্ত্রিসভার অন্যান্য সদস্যগণ, মুখ্যসচিব, রাজ্য পুলিশের মহানির্দেশক, তথ্য ও সংস্কৃতি দপ্তরের সচিব সহ অন্যান্য বিশিষ্ট অতিথিগণ উপস্থিত থাকবেন। অনুষ্ঠানে পূর্ণরাজ্য দিবস উদযাপন উপলক্ষ্যে বিভিন্ন ক্ষেত্রে বিশেষ অবদানের জন্য পুরস্কারও দেওয়া হবে। পাশাপাশি আলোচনাচক্র ও সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করা হবে।
